

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৬৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

আরবী

وَعَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ: قَالَتِ الْأَنْصَارُ: يَا نَبِيَّ اللَّهِ لِكُلِّ نَبِيٍّ أَتْبَاعٌ وَإِنَّا قَدِ اتَّبَعْنَاكَ فَادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَ أَتْبَاعَ وَإِنَّا مَنا فَدَعَا بِهِ رَوَاهُ البُخَارِيِّ

رواه البخارى (3787) ـ (صَحِيح)

বাংলা

৬২৬৩-[৬৮] যায়দ ইবনু আরকাম (রাঃ) হতে বর্ণিত। একবার আনসারগণ রাসূলুল্লাহ (সা.) -কে বললেন, হে আল্লাহর নবী! প্রত্যেক নবীরই একদল অনুসরণকারী থাকে। (অনুরূপভাবে) আমরাও আপনার অনুকরণ করে আসছি। অতএব, আপনি আল্লাহর কাছে দু'আ করুন, তিনি যেন আমাদের অনুসারীদেরকেও আমাদের দলভুক্ত করেন। তখন তিনি (সা.) সেই মতো দু'আ করলেন। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৮৭, মুসনাদে আহমাদ ১৯৩৫৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২৩৬৭, আল মু'জামুল কাবীর লিত ত্ববারানী ৪৮৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَ أَتْبَاعَنَا مِنا) অর্থাৎ আমরা বেশি বেশি আপনার অনুসরণ করব। (فَادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَ أَتْبَاعَنَا مِنا) जीवी (রহিমাহ্লাহ) বলেন, প্রত্যেক নবীর অনুসারী থাকে। আমরা আপনার অনুসারী অবশ্যই আমরা আপনার অনুসরণ করব। অতএব আপনি আল্লাহর নিকট প্রার্থনা করুন যাতে আমাদের মধ্য থেকেই আমাদের অনুসারী



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন